ইত্তেফাক

তারিখ 21৭।৮০
পৃষ্ঠা ৩ 4



# মার্চ মাসে আদমশুমারি

কর্তৃপক্ষীয় সূত্রের বরাত দিয়া এনা জানায়, আগামী মার্চের প্রথম সপ্তাহে দেশব্যাপী লোক গণনার ব্যবস্থা করা হইতেছে। এব্যাপারে একটি ব্যাপক পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে এবং নির্ধারিত সময়ে উহা বাস্তবায়নের জন্য ইহার চূড়ান্ত রূপ দেওয়া হইতেছে। সরকার এজন্য প্রয়োজনীয় তহবিলের ব্যবস্থা করিয়াছেন। উল্লেখ্য, দেশে প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয় ১৯৭৪ সালে।